

পরিচ্ছন্ন ক্যাম্পাস গড়তে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ব্যতিক্রমী আয়োজন

ববি প্রতিনিধি

২৪ মে, ২০২৫ ১৯:৩২

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

পরিচ্ছন্ন ও সবুজ ক্যাম্পাস গড়ার লক্ষ্যে ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবেশবান্ধব শিক্ষার্থী সংগঠন বরিশাল বিশ্ববিদ্যালয় এনভায়রনমেন্ট কনজারভেশন সোসাইটি (বিইউইসিএস)। শনিবার (২৪ মে) দিনব্যাপী আয়োজন করা হয় ‘ক্লিন ক্যাম্পাস, গ্রিন ক্যাম্পাস ১.০’ শীর্ষক কর্মসূচি।

সকাল ১০ টার দিকে বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোরে সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। এরপর ক্যাম্পাসজুড়ে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার পাশাপাশি বিভিন্ন স্থানে সচেতনতামূলক ফেস্টুন টাঙানো হয়।

শুধু ক্যাম্পাসেই সীমাবদ্ধ না থেকে বিইউইসিএস সদস্যরা বরিশাল-কুয়াকাটা মহাসড়কের রোড ডিভাইডারেও বৃক্ষরোপণ করেন।

আরো পড়ুন



এনবিআর বিলুপ্ত : কর্মবিরতি চালিয়ে যাওয়ার ঘোষণা পরিষদের

সংগঠনের ভাইস প্রেসিডেন্ট মো. নাজমুল হোসেন বলেন, আমাদের সচেতনতা সৃষ্টি, দায়িত্ববোধ এবং পরিবেশবান্ধব মনোভাব গড়ে তুলতে পারলে আমি বিশ্বাস করি— ‘আমরা যদি পাল্টাই, ক্যাম্পাসও পাল্টাবে।’ চলুন, আমরা নিজেরাই আমাদের ক্যাম্পাসকে ভালোবাসি, সুন্দর রাখি এবং সযত্নে দেখে রাখি।

সংগঠনের সাধারণ সম্পাদক নাইমুর রহমান সজীব বলেন, আসুন বদলাই নিজেকে, গড়ে তুলি সবুজ বিপ্লব— তাহলে বদলাবে বিশ্ব উষ্ণায়ন, বদলাবে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।

গুধু সচেতনতা নয়, নিজের দায়িত্ববোধ থেকেই এসডিজি বাস্তবায়নে এগিয়ে আসতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. তৌফিক আলম বলেন, ক্যাম্পাস পরিষ্কার করার একটি বিশেষ উদ্দেশ্য হলো পরিবেশ উন্নয়ন। আমি যখন জাপানে ছিলাম দেখেছি, পলিথিনের ব্যবহার বেশি হলেও রাস্তায় পড়ে থাকতে দেখা যায় না, কারণ তারা সচেতন। আমাদেরও সেইরকমভাবে সচেতন হয়ে উঠতে হবে।

পরিবেশের উন্নয়নে সবাইকে এগিয়ে আসতে হবে।

কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক রফিকুল ইসলাম মাহবুব, কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক হাফিজ আশরাফুল হক, ভূতত্ত্ব ও খনিবিদ্যা

বিভাগের সহকারী অধ্যাপক আতিকুল হক ফরাজি, এবং বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা।

এ ধরনের আয়োজন বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পরিচ্ছন্নতা ও পরিবেশ সচেতনতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।